দৈনিক সংবাদ

078

তারিখ 14 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 5

গ্রেফতারকৃতদের মুক্তি দাবী

# শিক্ষক ধর্মঘট অব্যাহত রাখার সংকল্প ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ দুই দফা দাবী পূরণ, গ্রেফতারকৃত শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের নিঃশর্ত মুক্তি দান, প্রশিক্ষণার্থীদের হোষ্টেলে পুনর্বহাল ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার করে আলোচনার মাধ্যমে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত না করা পর্যন্ত অবিরাম ধর্মঘট অব্যাহত রাখার প্রত্যয় পুনর্ব্যক্ত করেছে। গতকাল বুধবার ছিল তাদের ধর্মঘটের উনিশতম দিন।

গতকাল সমন্বয় পরিষদের সভায় এছাড়াও ঢাকাসহ সমগ্র জেলা-উপজেলায় নিয়মিত গণসংযোগ, সভা-সমাবেশ, বিক্ষোভ মিছিল, পোস্টারিং ইত্যাদির কর্মসূচী অব্যাহত রাখার আহ্বান জানানো হয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমন্বয়

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষক ধর্মঘট অব্যাহত

(১ম পাতার পর)

পরিষদ দুই দফা দাবী আদায়ের লক্ষ্যে আগামী ১৫ই মার্চ রাজনীতিবিদ, শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, আইনজীবী, সাংবাদিক, কবি-সাহিত্যিক, ছাত্র-শিক্ষক-শ্রমিক-কর্মচারী সংগঠনসহ সর্বস্তরের নেতৃবৃন্দের এক সংহতি সভার আয়োজন করেছে। বিকেল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনারে এসভা অনুষ্ঠিত হবে।

### কোতোয়ালী থানায় শিক্ষক সভা

কোতোয়ালী থানা শিক্ষক সমিতি সংগ্রাম পরিষদের উদ্যোগে গতকাল বুধবার আহমদ বাওয়ানী একাডেমীতে ধর্মঘটী শিক্ষক-শিক্ষিকাদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। থানা শিক্ষক সমিতির সভাপতি মাহ্‌দুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষকদের ২দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট ও আন্দোলন চালিয়ে যাবার অঙ্গীকার ঘোষণা করা হয়। এছাড়া আটক শিক্ষক-শিক্ষিকাদের অবিলম্বে মুক্তি দেয়ার ও তাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহারের দাবী জানানো হয়।

### খুলনা

আমাদের খুলনা প্রতিনিধি জানিয়েছেন, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমন্বয় পরিষদ ডুমুরিয়া উপজেলা শাখার উদ্যোগে গতকাল সকালে স্থানীয় খর্নিয়া উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এক সমাবেশে গ্রেফতারকৃত সকল শিক্ষককে মুক্তি দিয়ে এবং তাদের দু'দফা দাবী মেনে নিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবী জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব আবদুস সালাম।

### বেসরকারী প্রাথমিক শিক্ষকদের দাবী

বেসরকারী প্রাথমিক শিক্ষকরা আগামী ১৬ই মার্চ সকাল ১০টায় ৯১, নবাবপুর রোডস্থ কার্যালয়ে জেলা-উপজেলার প্রতিনিধি সমাবেশশেষে মিছিল এবং শিক্ষা ভবনে ১ ঘণ্টা অবস্থান ধর্মঘট পালনের সিদ্ধান্ত নিয়েছেন।

গত মঙ্গলবার বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ইমান আলী মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সভায় গ্রেফতারকৃত শিক্ষকদের মুক্তির দাবী জানানো হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।